ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৬২৬</u>
সোনামুড়া,২৯ আগস্ট,২০২৫

**<u>সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসবে উচ্চশিক্ষামন্ত্রী</u>**
**লেখাপড়ার পাশাপাশি ছাত্রছাত্রীদের সংস্কৃতির**
**বিভিন্ন পাঠক্রমের সঙ্গেও যুক্ত থাকতে হবে**

নলছড় কমিউনিটি হলঘরে আজ নলছড় উচ্চবিদ্যালয়ের উদ্যোগে এবং জেলা শিক্ষা কার্যালয় ও জেলা প্রশাসনের সহযোগিতায় সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হয়। উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন প্রদীপ প্রজ্জ্বলন করে উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে মন্ত্রী কিশোর বর্মন কলা উৎসবের গুরুত্ব নিয়ে আলোচনা করতে গিয়ে বলেন, শিল্প ও কলা হলো আত্মার ভাষা এবং শিক্ষা হলো একটি জীবনের আলো। তিনি বলেন, আমাদের ভারতবর্ষে শিল্প ও কলার মাহাত্ম অসীম এবং অমূল্য। ভারতবর্ষ যদি সংস্কৃতির মহাসাগর হয়ে থাকে, তাহলে শিল্পকলা হলো তার মূল তরঙ্গ। উচ্চশিক্ষামন্ত্রী ছাত্রছাত্রীদের লেখাপড়ার পাশাপাশি কলা অর্থাৎ সংস্কৃতির বিভিন্ন পাঠক্রমে নিজেকে যুক্ত করার আহ্বান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন, আজকের ছাত্রছাত্রীরাই আগামীদিনের ভবিষ্যৎ। কাজেই শিক্ষার পাশাপাশি সংস্কৃতি, খেলাধুলা ইত্যাদির দিক দিয়ে তাদের বিকাশ ঘটানো একান্তই প্রয়োজন। তবেই আগামী ২০৪৭ সালের মধ্যে এক ভারত শ্রেষ্ঠ ভারত গড়ে তোলার স্বপ্ন বাস্তবে পরিণত হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের কনভেনার তথা নলছড় উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক সুব্রত কুমার দেবনাথ। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি তথা সিপাহীজলা জেলা শিক্ষা আধিকারিক কণিকা দেববর্মা। অনুষ্ঠানে এছাড়াও অতিথি হিসেবে নলছড় ব্লক পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস, নলছড় ব্লক পঞ্চায়েত সমিতির শিক্ষা স্থায়ী কমিটির প্রেসিডেন্ট আলপনা দাস, সমিতির ভাইস চেয়ারপার্সন রীণা দেবনাথ এবং সমাজসেবী লোকজিৎ দেবনাথ সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সিপাহীজলা জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা নৃত্য, সংগীত সহ বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হয়।

*****